বনানী ডিওএইচএস পরিষদ
BANANI DOHS PORISHOD

বিডিপি/১২/এ

২৮ অক্টোবর ২০২৬

নিরাপত্তা ও দুর্ঘটনা রোধে বনানী ডিওএইচএসের প্রতিটি বাসায় অগ্নিনির্বাপক যন্ত্র এবং সিসিটিভি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে

১। বনানী ডিওএইচএসের সম্মানিত প্লট/ফ্ল্যাট মালিকগণের সদয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অত্র পরিষদ সবসময় আপনাদের নিরাপদ, শান্তিপূর্ণ ও স্বাচ্ছন্দ্যময় বসবাস নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, সাম্প্রতিক সময়ে আবাসিক এলাকায় অগ্নিদুর্ঘটনা এবং নিরাপত্তা জনিত নানাবিধ ঝুঁকি বৃদ্ধি পেয়েছে। এই ধরনের অনাকাঙ্খিত দুর্ঘটনা ও অপরাধমূলক কর্মকান্ড থেকে আমাদের প্রিয় পরিবার ও সম্পদ রক্ষা করার জন্য আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে।

২। ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা জোরদার এবং যেকোনো জরুরী পরিস্থিতি মোকাবিলায় পরিষদের পক্ষ থেকে আপনাদের নিচের দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে:

ক। অগ্নিনির্বাপক যন্ত্র (Fire Extinguisher) স্থাপন: যে কোনো আকস্মিক অগ্নিকান্ড প্রাথমিক অবস্থায় নিয়ন্ত্রণ করতে প্রতিটি বাসার রান্নাঘর বা সহজলভ্য স্থানে যেমন: গ্যারেজ এলাকা, সামনের এলাকা, লিফট সহ সকল কমন স্পেসে অন্তত একটি কার্যকরী অগ্নিনির্বাপক সিলিন্ডার রাখুন এবং নিয়মিত সেটির মেয়াদ পরীক্ষা করুন।

খ। সিসিটিভি (CCTV) ক্যামেরা স্থাপন: ভবনের প্রবেশপথ, পার্কিং এলাকা এবং চারপাশের গুরুত্বপূর্ণ অংশ সার্বক্ষণিক সিসিটিভি ক্যামেরার আওতায় আনুন। এটি যে কোনো ধরনের অনাকাঙ্খিত অপরাধ রোধে এবং অপরাধী শনাক্তকরণে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বোচ্চ সহায়তা করবে।

৩। আমাদের সম্মিলিত সচেতনতাই পারে যে কোনো বড় ধরনের বিপদ বা ক্ষয়ক্ষতি থেকে আমাদের ডিওএইচএস এলাকাকে সুরক্ষিত রাখতে। আশা করি, এলাকার সার্বিক নিরাপত্তা বজায় রাখতে আপনারা পরিষদের এই অনুরোধটি গুরুত্বের সাথে বিবেচনা করবেন এবং দ্রুত বাস্তবায়নে সহযোগিতা করবেন। আপনাদের যেকোনো তথ্য বা টেকনিক্যাল সহায়তার প্রয়োজন হলে পরিষদ কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৪। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

২৮/১০/২৬

মোহাম্মদ সোহেল লতিফ
উইং কমান্ডার (অব.)
মেম্বার সিকিউরিটি

বিতরণ:
কার্যক্রম:

বনানী ডিওএইচএসের সম্মানিত প্লট/ফ্ল্যাট মালিকগণ

Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
ABDP SUPERBDP-12A, 37 Cor.e.Block
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner